# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১২৫

১/ বিবিধ

আরবী

كان من دعاء داود يقول: اللهم إني أسألك حبك، وحب من يحبك، والعمل الذي يبلغني حبك، اللهم اجعل حبك أحب إلي من نفسي وأهلي، ومن الماء البارد، وكان إذا ذكر داود يحدث عنه قال: كان أعبد البشر

ضعيف

أخرجه الترمذي (2/433) والحاكم (2/433) وابن عساكر (5/352/2) من طريق محمد بن سعد الأنصاري عن عبد الله بن ربيعة الدمشقي ـ وقال الحاكم: عبد الله ابن يزيد الدمشقي، وقال ابن عساكر: عبد الله بن ربيعة بن يزيد الدمشقي ـ حدثني عائذ الله أبو إدريس الخولاني عن أبي الدرداء، قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره. وقال الترمذي

" حديث حسن غريب

وقال الحاكم

" صحيح الإسناد

ورده الذهبي بقوله

" قلت: بل عبد الله هذا قال أحمد: أحاديثه موضوعة

وأقول: جرى الذهبي على ظاهر ما وقع في " المستدرك " عبد الله بن يزيد الدمشقي، فظن أنه عبد الله بن يزيد بن آدم الدمشقي، فهو الذي قال فيه أحمد ما سبق، ورواية الترمذي وابن عساكر تدلان أنه ليس هو لأن اسم أبيه ربيعة، واسم جده يزيد، فهو

غيره، ولهذا قال فيه الحافظ
" مجهول ". والله أعلم
لكن قوله في داود: " كان أعبد البشر " له شاهد من حديث ابن عمرو، رواه مسلم،
وقد خرجته في " الصحيحة " (707)

বাংলা

১১২৫। দাউদ (আঃ) দু'আর মধ্যে বলতেনঃ হে আল্লাহু আমি তোমার ভালোবাসা প্রার্থনা করছি, তোমাকে যে ভালোবাসে তার ভালোবাসা প্রার্থনা করছি এবং সেই কর্ম প্রার্থনা করছি যে কর্ম আমাকে তোমার ভালোবাসার নিকট পৌঁছে দিবে। হে আল্লাহ! তোমার ভালোবাসাকে আমার আত্মা, আমার পরিবার ও ঠাণ্ডা পানি হতে বেশী প্রিয় করে দাও। বর্ণনাকারী সাহাবী বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন দাউদ (আঃ)-এর প্রসঙ্গ উল্লেখ করতেন তখন তার সম্পর্কে বলতেনঃ তিনি মানুষের মধ্যে সর্বাপেক্ষা বেশী ইবাদতকারী ছিলেন।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ইমাম তিরমিযী (৩৪৯০), হাকিম (২/৪৩৩), ইবনু আসাকির (৫/৩৫২/২) মুহাম্মাদ ইবনু সা'দ আনসারী সূত্রে আব্দুল্লাহ ইবনে রাবীয়াহ দেমাস্কী হতে বর্ণনা করেছেন। হাদীসটি সম্পর্কে ইমাম তিরমিযী বলেনঃ হাদীসটি হাসান গারীব। ইমাম হাকিম বলেনঃ সনদটি সহীহ।

কিন্তু হাফিয যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ বরং উক্ত বর্ণনাকারী আব্দুল্লাহ সম্পর্কে ইমাম আহমাদ বলেনঃ তার হাদীসগুলো বানোয়াট।

আমি (আলবানী) বলছিঃ হাফিয যাহাবী "আল-মুস্তাদরাক" গ্রন্থের বাহ্যিকতার দিকে লক্ষ্য করে আব্দুল্লাহ ইবনু ইয়াযীদ দেমাস্কীকে আব্দুল্লাহ ইবনে ইয়াযীদ ইবনে আদম দেমাস্কী মনে করে উক্ত বক্তব্য প্রদান করেছেন। কারণ ইমাম আহমাদ ... ইবনু আদম দেমাস্কী সম্পর্কে বলেনঃ তার হাদীসগুলো বানোয়াট। আর ইমাম তিরমিযী ও হাকিমের বর্ণনা স্পষ্ট করছে যে, এ হাদীসটি বর্ণনাকারী আব্দুল্লাহ্ ইবনু ইয়াযীদ নয় বরং ইবনু রাবীয়াহ্ ইবনে ইয়াযীদ, এ ব্যক্তি ভিন্ন এক আব্দুল্লাহ্। এ কারণেই এর সম্পর্কে হাফিয ইবনু হাজার আসকালানী বলেনঃ তিনি মাজহুল।

তবে হাদীসটির শেষাংশ "দাউদ (আঃ) মানুষের মধ্যে সর্বাপেক্ষা বেশী ইবাদতকারী ছিলেন" সহীহ। কারণ ইবনু আমরের হাদীসে এর শাহেদ পাওয়া যায় যেটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন। আমি এটিকে "সিলসিলা সহীহাহ" গ্রন্থে (৭০৭) উল্লেখ করেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72004

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন